

লিয়েন কি? কোন কোন ক্ষেত্রে লিয়েন সংরক্ষণ করা যায়?

বি, এস, আর, প্রথম খণ্ডের বিধি-৫ (৩৪) অনুযায়ী লিয়েন বলিতে কোনো . সরকারি কর্মচারী কোনাে স্থায়ী পদে, টেনিউর পদসহ স্থায়ীভাবে নিযুক্ত হইলে, উক্ত পদে তাৎক্ষণিকভাবে অথবা অনুপস্থিতির কাল অতিবাহিত হইবার পর স্থায়ীভাবে অধিষ্ঠিত থাকার অধিকার বুঝায়।

লিয়েন সংরক্ষণ

বি, এস, আর, প্রথম খণ্ডের বিধি-১৯ তে এই সংক্রান্ত বিধান নিম্নরূপবিধি-১৯। বিধি-২০ এর অধীনে লিয়েন স্থগিত করা না হইলে বা ২৩ বিধির অধীনে লিয়েন স্থানান্তরিত না হইলে, স্থায়ীপদে অধিষ্ঠিত কোনাে সরকারি কর্মচারী নিম্নলিখিত ক্ষেত্রে ঐ পদে লিয়েন সংরক্ষণ করেন

(এ) যখন ঐ পদের দায়িত্ব পালন করেন;

(বি) যখন ফরেন সার্ভিসে কর্মরত থাকেন অথবা অস্থায়ী পদে অধিষ্ঠিত থাকেন অথবা অন্য কোনাে পদে অফিসিয়োটিং হিসাবে নিয়োজিত থাকেন;

(সি) অন্য পদে বদলীর ক্ষেত্রে যােগদানকালীন সময়ে। তবে তিনি যদি নিম্ন বেতনের কোনাে পদে স্থায়ীভাবে বদলী হন, তাহা হইলে পুরাতন পদের দায়িত্ব হইতে অব্যাহতির তারিখ হইতে নূতন পদে তাহার লিয়েন স্থানান্তর হইবে;

(ডি) বিধি-২২(২) এর বিধান সাপেক্ষে ছুটিকালীন সময়ে; এবং

(ই) সাময়িক বরখাস্তকালীন সময়ে।